গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
নীতি ও পরিকল্পনা শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**স্মারক নম্বর:** ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬.৩৩৮

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের অক্টোবর ২০২৩ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত২৯/১১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (অক্টোবর ২০২৩ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের (নভেম্বর,২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ১৫-১২-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পৃষ্ঠা।

০৭-১২-২০২৩
মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক
dir.ict@dam.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।;
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।;
৩। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, ঢাকা।;
৪। প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।;
৫। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)" শীর্ষক প্রকল্প, ঢাকা।;
৬। কর্মসূচি পরিচালক, পেয়ারা প্রক্রিয়াজাতকরণ, ব্রান্ডিং ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা। এবং
৭। কর্মসূচি পরিচালক, রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন কর্মসূচি।।

**স্মারক নম্বর:** ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬.৩৩৮/১ (৬)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়;
২। পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব, ফিল্ড সার্ভিস এবং প্রশিক্ষণ ও সমন্বয় উইং), কৃষি বিপণন অধিদপ্তর;
৩। সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, পরিচালক (প্রশাসন, হিসাব, ফিল্ড সার্ভিস এবং প্রশিক্ষণ ও সমন্বয় উইং), কৃষি বিপণন অধিদপ্তর;
৪। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, কৃষি বিপণন অধিদপ্তর;

৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি বিপণন অধিদপ্তর(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)। এবং
৬। সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর(মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।

১০-১২-২০২৩
মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) অক্টোবর ২০২৩ মাসের এডিপি সভার কার্যবিবরণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি সমূহের অক্টোবর ২০২৩ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ মাসুদ করিম
মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : দুপুর ২.৩০ ঘটিকা।
তারিখ : ২৯ অক্টোবর, ২০২৩ খ্রিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : **পরিশিষ্ট-'ক'** ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি'র অক্টোবর ২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপপরিচালক (পিপি) কে অনুরোধ জানান। উপপরিচালক (পিপি) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**১। আলোচ্য বিষয়-১.** গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৭/০৩/২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা মহাপরিচালকের অনুমোদনক্রমে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি সমূহের বাস্তবায়ন অগ্রগতিঃ**

**২.১।** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০২৩-২৪ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প, কর্মসূচি'র কার্যক্রম এবং বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ০৫টি বিনিয়োগ প্রকল্পে ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি মোতাবেক মোট ১৯১.২৫ কোটি টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ২৮৪.৪৮ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৫টি বিনিয়োগ প্রকল্পের আওতায় অক্টোবর-২০২৩ পর্যন্ত ৩২.৯৫ লক্ষ (১৬.৪০%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে অক্টোবর ২০২৩ পর্যন্ত ৫.৬৬ লক্ষ (২.৮২%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১২৪.২৪ লক্ষ (৪৩.৬৭%) টাকা ছাড় করা হয় এবং অক্টোবর ২০২৩ পর্যন্ত পর্যন্ত ২.১৮ লক্ষ (০.৮৮%) টাকা ব্যয় করা হয়। অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্প ও কর্মসূচি'র অগ্রগতি মন্ত্রণালয়ের অগ্রগতির চেয়ে প্রায় অর্ধেকেরও কম এবং প্রায় ০৫ (পাঁচ) মাস অতিক্রম হওয়ার পরও প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি আশানুরুপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১, তারিখঃ ০২/০৭/২০২৩ এর জারিকৃত পরিপত্র মোতাবেক ব্যয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা প্রদান করেন।

**২.২ প্রকল্প ভিত্তিক অগ্রগতির পর্যালোচনাঃ**

২০২৩-২৪ অর্থ বছরের অক্টোবর ২০২৩ সময় পর্যন্ত প্রকল্প ও কর্মসূচিভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাব (কোটি টাকায়) নিম্নে উপস্থাপিত হলো।

ক) প্রকল্পসমূহের এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম | এডিপি বরাদ্দ | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় ((বরাদ্দের শতাংশ) | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৪৪.৪৯ | ১০.৬৫ | ৩৩.৮৪ | ৯.১৫ (২০.৫৬%) | ৫.৩০ (৪৯.৭৭%) | ৩.৮৫ (১১.৩৮%) | ১.৫০ (৩.৩৭%) | ০.৯০ (৮.৪৫%) | ০.৬০ (১.৭৭ %) | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ২ | এসডিএএমপি | ৮৯.০৮ | ৮৯.০৮ | ০ | ১৯.৬২ (২২%) | ১৯.৬২ (২২%) | ০ | ৩.৬৪ (৪.০৯% | ৩.৬৪ (৪.০৯%) | ০ | ঐ |
| ৩ | পেঁয়াজ রসুন প্রকল্প | ৮.৮২ | ৮.৮২ | ০ | ২.২০ (২৫%) | ২.২০ (২৫%) | ০ | ০.২৮ (৩.১৭%) | ০.২৮ (৩.১৭%) | ০ | ঐ |
| ৪ | আলুর প্রকল্প | ২৩.৪৬ | ২৩.৪৬ | ০ | ৫.৮৩ (২৪.৮৫%) | ৫.৮৩ (২৪.৮৫%) | ০ | ০.২৪ (১.০২%) | ০.২৪ (১.০২%) | ০ | ঐ |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ৩৫.০০ | ১৩.০০ | ২২.০০ | ০ (০%) | ০ (০%) | ০ (০%) | ০ (০%) | ০ (০%) | ০ (০%) | ঐ |
| | **সর্বমোট** | **২০০.৮৫** | **১৪৫.০১** | **৫৫.৮৪** | **৩৬.৮০ (১৮.৩২%)** | **৩২.৯৫ (১৬.৪০%)** | **৩.৮৫ (৬.৮৯%)** | **৫.৬৬ (২.৮২%)** | **৫.০৬ (৩.৪৯%)** | **০.৬০ (১.৭৭ %)** | |

খ) কর্মসূচিভিত্তিক বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | বরাদ্দ (২০২৩-২৪ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় ((বরাদ্দের শতাংশ) | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | টমেটোর সংরক্ষণ কর্মসূচি | ২৪৮.৪৮ | ২৪৮.৪৮ | ০ | ১২৪.২৪ (৫০%) | ১২৪.২৪ (৫০%) | ০ | ২.১৮ (০.৮৮%) | ২.১৮ (০.৮৮%) | ০(%) | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ২ | পেঁয়ারা কর্মসূচি | ১৭৫.০০ | ১৭৫.০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ঐ |
| | **সর্বমোট** | **২৮৪.৪৮** | **২৮৪.৪৮** | **০** | **১২৪.২৪** | **১২৪.২৪** | **০** | **২.১৮** | **২.১৮** | **০(%)** | |

সভায় ২০২৩-২৪ অর্থ বছরের অক্টোবর ২০২৩ সময় পর্যন্ত প্রকল্প ও কর্মসূচি ভিত্তিক আর্থিক অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**২.৩ দরপত্র পর্যালোচনাঃ**

২০২৩-২৪ অর্থ বছরের কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকুলে মোট ৪৮টি (পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প ব্যতীত) দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত দরপত্র/প্যাকেজসমূহের মধ্যে অক্টোবর ২০২৩ পর্যন্ত ১৫ টি (৩১.২৫%) দরপত্র আহবান করা হয় তন্মধ্যে ৭টি কার্যদেশ প্রদান করা হয়। ২০২৩-২৪ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকুলে আরএফকিউ পদ্ধতিতে মোট ১২টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে অক্টোবর ২০২৩ পর্যন্ত ২ টি (১৬.৬৬%) দরপত্র আহবান করা হয়েছে এবং ২টি কোটেশনের কার্যদেশ প্রদান করা হয়। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন ২টি কর্মসূচি'র অনুকুলে ১ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ হয় এবং ১টি দরপত্র আহবান করা হয়। আরএফকিউ পদ্ধতিতে মোট ৪ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে অক্টোবর ২০২৩ পর্যন্ত কোনো দরপত্র আহবান করা হয়নি।

**প্রকল্প ও কর্মসূচি অনুযায়ী দরপত্র অগ্রগতি নিম্নরূপঃ**

(ক) প্রকল্পের দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ১৫ | ১০ | ৬ | ৩ | ০ | ০ | সন্তোষজনক |
| ২ | এসডিএএমপি | ১ | ০ | ০ | ৫ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| ৩ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ৯ | ১ | ০ | ১ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| ৪ | আলুর প্রকল্প | ২৩ | ৪ | ১ | ৩ | ২ | ২ | সন্তোষজনক নয় |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| | **সর্বমোট** | **৪৮** | **১৫** | **৭** | **১২** | **২** | **২** | |

(খ) কর্মসূচির দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | টমেটোর সংরক্ষণ কর্মসূচি | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| ২ | পেঁয়ারা কর্মসূচি | ০ | ০ | ০ | ৪ | ০ | ০ | সন্তোষজনক নয় |

**৩. বিবিধঃ** কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক আহবানকৃত সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী পণ্য বুঝে নেওয়ার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভাপতি, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১, তারিখঃ ০২/০৭/২০২৩ এর জারিকৃত পরিপত্র মোতাবেক ব্যয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা প্রদান করেন। এছাড়া আগামী সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের নির্মাণ প্রকৌশলী, পেঁয়াজ এবং আলুর ঘর পরিদর্শন ও নির্মাণ প্রকৌশলীদের সংযুক্ত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৪: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| **ক্রঃ নং** | **গৃহীত সিদ্ধান্তসমূহ** | **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|
| ৪.১ | (ক) প্রকল্পের আওতায় নির্বাচিত গ্রুপগুলোর ম্যাচিং গ্র্যান্ট দ্রুত প্রদান করে উদ্যোক্তা তৈরী কার্যক্রম শুরু করতে হবে।<br>(খ) আয়েজিত প্রশিক্ষণে ইতোমধ্যে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে গঠিত কৃষক বিপণন দল গুলোকে অগ্রধিকার দিতে হবে।<br>(গ) টিওটি প্রশিক্ষণ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করে মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম ডিসেম্বর/২০২৩ এর মধ্যে শুরু করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.২ | (ক) ভূমি অধিগ্রহণের চূড়ান্ত প্রস্তাব পেতে প্রকল্প হতে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। প্রয়োজনে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সহায়তা নিতে হবে।<br>(খ) অর্পিত কাজ হিসেবে পিডব্লিউডি হতে যথাসময়ে অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার নির্মাণ কার্যক্রম শেষ করার তাগিদ প্রদান করতে হবে।<br>(গ) আগামী সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রকল্পের ভূমি অধিগ্রহণযোগ্য জেলায় জেলা কর্মকর্তাদের সংযুক্ত রাখতে হবে। | প্রকল্প পরিচালক<br>কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প। |
| ৪.৩ | (ক) কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর তৈরীর কাজ নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত শেষ করে নির্মাণ কাজের মূল্যায়নের ভিত্তিতে বিল পরিশোধ করতে হবে।<br>(খ) আহবানকৃত সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূরবক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী মান সম্পন্ন পণ্য বুঝে নেওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক<br>কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প। |
| ৪.৪ | (ক) কৃষক পর্যায়ে মান সম্পন্ন আলুর ঘর তৈরীর দ্রুত উদ্যোগ গ্রহণ এবং চলতি মৌসুমে প্রতিটি ঘরে আলু সংরক্ষণ করতে হবে।<br>(খ) আহবানকৃত সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী মান সম্পন্ন পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক<br>আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প । |
| ৪.৫ | পার্টনার প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম শেষ করতে হবে। | এজেন্সি প্রোগ্রম ডিরেক্টর<br>পার্টনার প্রকল্প (বিপণন অংগ) |
| ৪.৬ | ২০২৩-২৪ অর্থ বছরে কর্মপরিকল্পনা ও পিপিএনবি অনুযায়ী দ্রুততার সাথে কার্যক্রম শেষ করতে হবে। কর্মসূচির আওতায় সম্পাদিত কার্যক্রমের মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | কর্মসূচি পরিচালক<br>(সকল) |
| ৪.৭ | অর্থ মন্ত্রণালয়ের সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক এবং ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপির বরাদ্দ/পিপিএনবি অনুযায়ী প্রকল্প/কর্মসূচি'র যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৪.৮ | কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে টেন্ডার আহবান করে সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ওমর মোঃইমরুল মহসিন
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
কৃষি বিপণন অধিদপ্তর